

ঢাকা ওয়াসা


- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (২) প্রস্তুতকৃত Survey report.
- (৩) প্রস্তুতকৃত Specification.
- (৪) দর সংগ্রহের জন্য স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং-৪৬,১১৩,৬৩৭,০০,০০,১৫৯,২০২৫-৭৬৯; তারিখঃ ২১/০৪/২০২৫ইং।
- (৫) The Alpha Engineering হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ২৭/০৪/২০২৫ইং।
- (৬) Universal Electric হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ২৭/০৪/২০২৫ইং।
- (৭) Hammerhead Bangladesh engineering services Ltd. হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ২৭/০৪/২০২৫ইং।
- (৮) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।
- (৯) প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়ঃ "Supply of necessary materials for STP & SDIP of Dasherbandi STP (Lot-2)" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং -১ হতে ৯ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। পয়ঃশোধনাগারের আওতায় ১টি SLS, ১টি Inlet Pumping Station, ৮টি SST, ৪টি AAO Tank, ৪টি PST, ২টি Sludge Pump Station, ১টি Sludge Storage Tank, ১টি Sludge Thickening & Dewatering Building, ২টি Sludge Cake Storage Tank, ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) ইত্যাদি বিদ্যমান রয়েছে। আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় বিভিন্ন ধরনের Pump, Mixer, Star unloader, Chain conveyer, Sludge hoister, Gear motor ইত্যাদি বর্ণিত স্থাপনায় ব্যবহার করা হয়। দীর্ঘদিন ব্যবহারের ফলে Pump, Mixer, Star unloader, Chain conveyer, Sludge hoister, Gear motor ইত্যাদির Bearing, Seal, O-ring নষ্ট হয়ে যাওয়ায় পয়ঃশোধনাগারের Operation কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। ফলে বর্ণিত Bearing, Seal, O-ring ইত্যাদি জরুরী ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। সে লক্ষ্যে ১টি Survey report প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ২ দ্রঃ)। এছাড়া, প্রয়োজনীয় মালামাল ক্রয়ের জন্য ১টি Specification প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৩ দ্রঃ)। প্রস্তুতকৃত Specification অনুযায়ী স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরনের মাধ্যমে একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ৪, ৫, ৬ ও ৭ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৮ দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে সর্বনিম্ন দরের আলোকে উল্লেখিত মালামাল ক্রয়ের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৯ দ্রঃ)। প্রাক্কলিত মোট মূল্য ৯,৯৯,৫৭০.০ (নয় লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত সত্তর টাকা) মাত্র। উল্লেখ্য, আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১৪৪ হতে নির্বাহ করা হবে।

০৩। আলোচ্য "Supply of necessary materials for STP & SDIP of Dasherbandi STP (Lot-2)" কাজটি CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PG2 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে।


 Shavarin






০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার লক্ষ্যে Bearing, Seal, O-ring ইত্যাদি ক্রয়ের নিমিত্তে "Supply of necessary materials for STP & SDIP of Dasherbandi STP (Lot-2)" শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2008 এর ধারা ৬১ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG2 অনুসরণে সম্পাদনের নিমিত্তে মোট ৯,৯৯,৫৭০.০ (নয় লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত সত্তর টাকা) মাত্রের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।


15.06.2025
মোঃ ইমাম হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


15.06.2025
মলমল নায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

#E


15/06/2025
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE (WBSTP)

০৭ অনুমোদিত।

XEN (DSTP)


15/06/25
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।